[redacted]

[redacted]

[redacted]

[

গাংনীতে মেয়ে ভাগানোর দোষ দিয়ে যুবককে পিটিয়ে জখম

প্রেমে সহযোগীতা দিয়ে মেয়েকে ভাগিয়ে দিয়েছে এই অভিযোগে রতন আলী
(৩৫) নামের এক যুবককে বাঁশ দিয়ে পিটিয়ে দুই হাত ভেঙ্গে দিয়েছে।

আহত রতন গাংনী উপজেলার কসবা গ্রামের ডুবাপাড়া এলাকার মনোয়ার হোসেনের বড় ছেলে। হামলাকারি একই গ্রামের জারু’র ছেলে ফজল হোসেন।

স্থানীয়রা আহত রতনকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। পরে তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রেফার্ড করেন।

মঙ্গলবার বিকালের দিকে প্রকাশ্যে দিবালোকে কসবা বাজারে উপর এই হামলার ঘটনা ঘটে। রতনের দুই হাত ভেঙ্গে চুরমান হয়ে গেছে বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

আহত রতন বলেন, আমাকে মোবাইল ফোনে ডাক দিলে আমি বাজারে আসি। বাজারে আসার সাখে সাখে আমাকে মোটরসাইকেলের উপর থেকেই দু হাতে আঘাত করতে থাকে। আমার চিৎকারে মানুষ জন ছুটে এলে সে পালিয়ে যায়।

আহতের পরিবারের লোকজন জানান, হামলাকারী ফজলুর পরিবারের একটি মেয়ে ছেলের সাথে পালিয়ে গেছে। সে ঘটনায় রতনকে তার সহযোগী হিসেবে দোষ দিয়ে তারা এই হামলার ঘটনা ঘটিয়েছে।

গাংনীতে সমবায়ীদের দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ

কর্মশালা অনুষ্ঠিত

গাংনীতে সমবায় অধিদপ্তরের উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প (৩য় পর্যায়ে) সমবায়ীদের নিয়ে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ সহকারী নিবন্ধক মো. এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মো. সোহরাব হোসেন।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক নুরুজ্জামান, সহকারী পরিদর্শক হাফিজুর রহমান, সমবায়ী মশিউর রহমান পলাশ, হুমায়ুন কবির রিপন, তন্ময় হুদা বিশ্বাস, রাকিবুল হাসান, শফিউল ইসলাম প্রমূখ। দিনব্যাপি এই প্রশিক্ষণ কর্মশালায় এই প্রকল্পের ৬০ জন সমবায়ী সদস্য অংশগ্রহণ করেন।

খাদ্য সংকট দুর করতে বাড়ির আঙিনায় সব্জীর চাষ করতে হবে - এমপি খোকন

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, আগামীতে খাদ্য সংকট দুর করতে বাড়ির আঙিনায় সব্জীর

চাষ করতে হবে। বিশেষ করে আমাদের বাড়ির আঙিনার পতিত জমিগুলো বিভিন্ন শাক সব্জীতে ভরিয়ে তুলতে হবে। এক খন্ড জমিও ফেলে রাখা যাবেনা। পতিত জমিগুলোর পাশাপাশি আমাদের বাড়ির ছাদেও সব্জী চাষ করতে হবে। এর ফলে আমাদের যেমন খাদ্য সংকট দুর হবে তেমনি আর্থিকভাবেও লাভবান হতে পারবো।

মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার দিকে গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে বিভিন্ন সব্জীর বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে অনুষ্ঠিত সব্জী বীজ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা অফিসার সামসুজ্জোহা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার, আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, কাথুলি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, সাবেক ছাত্র নেতা আনিসুজ্জামান লুইচ, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি সাইফুজ্জামান শিপু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি আরো বলেন, আমরা এখন নানা ধরনের ভেজাল খাবার খেয়ে পেটের পিড়াসহ নানা ধরণের অসুখে ভুগছি। আমরা পতিত জমি গুলো ব্যবহার করে বিষমুক্ত খাদ্য উৎপাদন করে আমাদের শরীর ও মন ভাল রাখতে পারবো।

খাদ্য সংকট সময়ে নিজ নিজ অবস্থানে থেকে নিজেদের পরিতত জমিতে কৃষির মাধ্যমে চাষ করা ও সবাইকে উদ্বুদ্ধ করার আহবান জানান তিনি। সব্জী বীজের পাশাপাশি বিভিন্ন সব্জীর গাছও তুলে দেন প্রধান অতিথি।

জিএম কাদেরের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবীতে জাপা’র মানববন্ধন

গাংনীতে জাতীয় পার্টির চেয়ারম্যান (এরশাদ) চেয়ারম্যান জি এম কাদেরের বিরুদ্ধে সকল মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২২ নভেম্বর) বিকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়াজেন করে গাংনী উপজেলা জাতীয় পার্টি (এরশাদ)।

মানববন্ধনে নেতৃত্ব দেন উপজেলা জাতীয় পার্টির সভাপতি বাবলুর রহমান ও অন্যতম নেতা কিতাব আলী বিএসসি।এসময় পার্টির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের ব্যাগ থেকে টাকা চুরি

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে এসে দুই রোগীর টাকা চুরির ঘটনা ঘটেছে। আজ সোমবার বেলা ১১টার সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ১১৭ নাম্বার কক্ষের দরজায় এঘটনা ঘটে।

জানাগেছে, হোগলবাড়িয়া গ্রামের মনিরুলের স্ত্রী শোভা খাতুন তার শিশু কন্যাকে চিকিৎসার জন্য নিয়ে আসেন। টিকিট কাউন্টার থেকে টিকিট সংগ্রহ করে ১১৭ নাম্বার কক্ষের সামনে ডাক্তার দেখানোর জন্য লাইনে দাড়িয়ে অপেক্ষা করেন। এসময় তার ভেনেটি ব্যাগের চেইন খুলে ৬০০০ টাকা চুরি হয়ে যায়। একই সময় ফতাই পুর গ্রামের লাল্টু মিয়ার স্ত্রী জোসনা খাতুনও তার শিশু পুত্রের চিকিৎসা নিতে এসে

উক্ত লাইনে অপেক্ষা করছিলেন। তার ব্যাগ থেকে ২৫০০ টাকা চুরি হয়ে যায়। তারা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষকে জানালে সিসি টিভি ফুটেজের মাধ্যমে চুরির বিষয়টি জানা যায়। এতে দেখা যায় একজন নারী চোর টাকা চুরির ঘটনা ঘটিয়েছে।

চিকিৎসা সেবা নিতে আসা অনেকেই জানান, শুধু আজকেই নয়, প্রতিনিয়তই রোগীদের টাকা চুরির ঘটনা ঘটছে। স্বাস্থ্য কমপ্লেক্রে মধ্যে পুলিশি তৎপরতার দাবী জানান ভুক্তভোগীরা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শুপ্রভা রানী জানান, রোগীদের টাকা চুরির বিষয়টি আমি শুনছি। একটি নারী চোর চক্র এগুলি ঘটাচ্ছে । আমি পুলিশি তৎপরতার জন্য কর্তৃপক্ষকে জানাবো।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাকের সাথে মোবাইলে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোন রিসিভ করেননি।

মায়ের সাথে অভিমান করে এসএসসি ফল প্রত্যাশীর আত্মহনন!

মায়ের ওপর অভিমান করে এসএসসি পরীক্ষার ফলাফল প্রত্যাশী লিজা আক্তার (১৫) বিষপান আত্মহত্যা করেছে।

সোমবার সকালে মেহেরপুরের গাংনীর করমদি গ্রামের গোসাইডুবি পাড়ায় মর্মান্তিক এ ঘটনাটি ঘটেছে লিজা আক্তার শান্তা ওই গ্রামের বাহরাইন প্রবাসী জালাল উদ্দীনের মেয়ে।

শান্তার চাচা রেজাউল হক জানান, মায়ের সাথে সামান্য কথা কাটাকাটির জের ধরে অভিমান করে মেয়ে লিজা আক্তার শান্তা। এক পর্যায়ে সকাল ১০টার দিকে ঘরে রাখা বিষ পান করে সে। পরিবারের লোকজন টের পেয়ে তাকে স্থানীয় সন্ধানী হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক ডা. নুর আলম তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, আত্মহত্যার ঘটনাটি জানতে

পেরে পুলিশ পাঠানো হয়েছে। পরিবারের লোকজনের সম্মতিতে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদকের ৫ বছর জেল

মারামারি মামলায় গাংনী উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক জান মহাম্মদ ওরফে মিন্টুকে (৩৫) ৫ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

রবিবার দুপুরে মেহেরপুর চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর সিদ্দিক এই আদেশ দেন। একই সঙ্গে ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো এক মাসের বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয়েছে।

দন্ডিত জান মহাম্মদ ওরফে মিন্টু গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের আব্দুল গনির ছেলে এবং উপজেলা জাতীয় পার্টির (এরশাদ গ্রুপ) এর সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

জানা গেছে, গাংনীর চেংগাড়া গ্রামের ঈদগাহ কমিটি গঠণ নিয়ে ২০১৪ সালে চেংগাড়া বাজারের উপর প্রতিপক্ষ স্থানীয় আওয়ামী লীগ নেতা আব্দুল বারীর লোকজনের সাথে সংঘর্ষ হয়। এঘটনায় আব্দুল বারী বাদী হয়ে জান মহাম্মদ ওরফে মিন্টুকে প্রধান করে ৮ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। মামলা নং ১৭২/১৪ ইং।

মামলাটি দীর্ঘদিন তদন্ত শেষে পুলিশ আদালতে চার্জশীট দাখিল করেন। মামলার ৫ জন আসামি জামিনে মুক্ত হলেও মিন্টুসহ তিনজন আসামি জামিন নেননি। পলাতক থাকায় আদালতে এই তিন আসামির বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী করে।

মামলায় ৩২৬ ধারায় অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় প্রধান আসামি মিন্টুকে ৫ বছরের কারাদন্ড ও ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ১ মাসের কারাদন্ড দিয়েছে।

মামলায় আসামি পক্ষের আইনজীবি ছিলেন অ্যাডভোকেট আব্দুল মতিন ও রাস্ট্রপক্ষের আইনজীবী ছিলেন অ্যাডভোকেট সাথি বোস মিরা।

উল্লেখ্য, জান মহাম্মদ ওরফে মিন্টুর বিরুদ্ধে গাংনী থানায় অপহরণ, চুরি, ডাকাতিসহ হাফ ডজন মামলা রয়েছে বলে থানা সূত্র জানিয়েছে।

গাংনীতে ট্রাক ও মোটরসাইকেল সংঘর্ষে আহত ২

গাংনীর চৌগাছা কড়ইতলা নামক স্থানে ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুই মোটরসাইকেল আরোহী মারাত্মক আহত হয়েছেন। আজ দুপুর সোয়া দুইটার দিকে এ দুর্ঘটনাটি ঘটে।

আহতরা হচ্ছেন- এ উপজেলার গোপালনগর গ্রামের হাফিজুর রহমানের ছেলে রাইহান(১৪) ও গাংনী র্যাব ক্যাম্প পাড়ার খোরশেদ আলীর ছেলে রুবাইত আদনান মাহিন(১৩)। এদের মধ্যে রাইহানের অবস্থা গুরুতর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে। এসময় একটি পালসার মোটর সাইকেল ট্রাকের নিচে পড়ে দুমড়ে মুচড়ে গেছে।

আহত রুবাইত আদনান মাহিন জানান, তারা চার বন্ধু দুটি মোটরসাইকেল যোগে ভাটপাড়া ইকোপার্কে যাচ্ছিলেন। কড়ইতলা নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক (যার নং- বগুড়া ট- ১১-২১৬২) তাদের সামনা সামনি ধাক্কা দেয়।

এসময় রাস্তার উপর ছিটকে পড়েন রাইহান ও রুবাইত আদনান মাহিন। ট্রাকের চাকায় পিষ্ট হয়ে চুর্ণ বিচুর্ণ হয়ে যায় তাদের ব্যবহৃত মোটরসাইকেলটি। স্থানীয়রা আহতদেরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করেন। এদের মধ্যে রাইহানের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়।

কর্তব্যরত চিকিৎসক আদিলা আজহার আরশী জানান, রাইহানের মুখ ও মাথার

ডানদিকে এবং ডান চোখের পাশে ক্ষত হয়েছে। তাছাড়া ডান পায়ের গোড়ালী ভেঙ্গে যাওয়ায় উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া প্রেরণ করা হয়।

স্থানীয়রা জানান, দুর্ঘটনায় কবলিত ট্রাকটির মালিক সাহারবাটি গ্রামের মাসুম। ট্রাকটি স্থানীয় লোকজন আটক করলেও চালক ও তার সহকারী পালিয়ে যায়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হচ্ছে। অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে বিজিবির ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

গাংনীর কাথুলী সীমান্ত এলকায় দুস্থ অসহায় মানুষকে বিনামুল্যে চিকিৎসা সেবা প্রদান ও ওষুধ বিতরণ করেছে কুষ্টিয়া ব্যাটালিয়নের ৪৭ বিজিবি।

বৃহস্পতিবার বিকেলে গাংনীর কাথুলী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ফ্রি মেডিকেল ক্যাম্প এর মাধ্যমে এলাকার দেড়শতাধিক বিভিন্ন বয়সের মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। একই সাথে বিনামুল্যে ওষুধ বিতরণ করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়নের ৪৭ বিজিবি’র নিজস্ব ব্যবস্থপানায় ফ্রি মেডিকেল ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন চুয়াডাঙ্গা বর্ডার গার্ড হাসপাতালের চিকিৎসক গাইনোলজিষ্ট মেজর ফারহানা ইয়াসমিন (ডিজিও) এসময় কুষ্টিয়া বিজিবি’র সহকারি প্ররিচালক মতিউর রহমান,কাথুলী বিজিবি ক্যম্পানী কমান্ডার নায়েক সুবেদার সাইফুল ইসলাম, নায়েক ওয়াসিফুর রহমানসহ বিজিবির সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া বেটালিয়ন ৪৭ বিজিবি’র সীমান্ত অঞ্চলে ২১ টি বিজিবি ক্যাম্প রয়েছে। উক্ত সীমান্ত এলাকার বিভিন্ন এলাকায় ফ্রি মেডিকেল ক্যাম্প করে চিকিৎসা সেবা অব্যাহত রেখেছেন বিজিবি। বিনামুল্যে

চিকিৎসা সেবা ও ওষুধ পেয়ে সন্তোষ্টি প্রকাশ করেছেন সীমান্ত অঞ্চলের উপকারভোগীরা।